

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণি

বাংলা (দ্বিতীয় ভাষা)

১. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

১.১ ‘আমি মনে ভাবতেছিলেম, এ কোন মহারাজ’।।

— কার মনে, কখন এমন ভাবনার উদয় হয়েছে?

১ + ২

১.২ ‘মরি, এ কী কথা রাজাধিরাজ...’

— উদ্ভূতাংশে ‘মরি’ শব্দটি কোন্ ভাবনার দ্যোতক?

১ + ২

রাজাধিরাজের কোন্ কথা শুনে শোতার মনে এমন প্রতিক্রিয়া হয়েছে?

১.৩ ‘পথে পড়ে অসহায়...’

— তাদের প্রতি কোন্ অনুভূতির প্রকাশ ‘চাহিবে না ফিরে’ কবিতায় বিদ্রিত হয়েছে?

৩

১.৪ ‘আঁধার রজনী তার রবে নিরস্তুর’।

— ‘চাহিবে না ফিরে’ কবিতা অনুসরণে উদ্ভূতাংশের চিত্রকল্পটি ব্যাখ্যা করো।

৩

১.৫ ‘মুখোপাধ্যায় মহাশয়ের হৃদয়খানি অত্যন্ত কোমল ও স্নেহপ্রবণ হইলেও মেজাজটা কিছু রুক্ষ’।

— ‘আদরিণী’ গল্প অনুসরণে মুখোপাধ্যায় মহাশয়ের হৃদয়ের কোমলতা এবং রুক্ষতার পরিচয় দাও।

৩

১.৬ ‘রত্নহাট দেখলে কান্না পায়’।

— উদ্ভূতিটির আলোকে যুদ্ধবিধ্বস্ত রত্নহাটের বিবরণ দাও।

৩

২. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো :

(প্রতিটি প্রশ্নের মান - ১)

মোট-ঘাট, অস্বীকার, জন্মভূমি, সিন্দুরী, জয়ধ্বনি, বজ্রশিখা

৩. প্রশাসনিক পত্র রচনা করো :

তোমার এলাকায় রাস্তা-ঘাটের সংস্কারের আবেদন জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে একটি পত্র রচনা করো।

৫

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।